তারিখ ..2 0 .MAY.2016.. ...
পৃষ্ঠা ...৭.৫ কলাম.... ৪ ......

দৈনিক জনকণ্ঠ

রাবি শিক্ষককে হুমকি

# 'অপেক্ষা কর তুইও তোর খণ্ডচিত্র দেখতে পাবি'

রাবি সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষক অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীকে হত্যার এক মাস না পেরোতেই এবার আরেক শিক্ষককে খণ্ড খণ্ড করে হত্যার হুমকি দেয়া হয়েছে। বৃহস্পতিবার সকালে বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক মুহাম্মদ হাসান ইমামকে লাল কালিতে লেখা উড়োচিঠির মাধ্যমে এই হুমকি দেয়া হয়। অধ্যাপক হাসান ইমাম 'সাপ্তাহিক বিচিত্রার আলোকে মুক্তিযুদ্ধের খণ্ডচিত্র' নামের একটি বইয়ের রচয়িতা। এদিন দুপুরে নিরাপত্তা চেয়ে তিনি থানায় জিডি করেছেন।

**অধ্যাপক রেজাউল হত্যায় গ্রেফতার শিবির নেতার মৃত্যু** ॥ অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকী হত্যা মামলায় গ্রেফতার শিবির নেতা হাফিজুর রহমান (২৩) বৃহস্পতিবার ভোরে রাজশাহী মেডিক্যালের প্রিজন সেলে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। হাফিজুর নগরীর ১৯ নম্বর ওয়ার্ড ছাত্রশিবিরের সেক্রেটারি এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র।